

কালের কণ্ঠ

আপডেট : ১৪ মে, ২০১৮ ২৩:৩০

চাঁদপুরে অধ্যক্ষের বরখাস্তের দাবিতে ভাঙচুর

 চাঁদপুরে অধ্যক্ষের বরখাস্তের দাবিতে ভাঙচুর

চাঁদপুরে আল আমিন স্কুল অ্যান্ড কলেজ ছাত্রী শাখায় শিক্ষক বদলি ঠেকাতে এবং অধ্যক্ষকের বরখাস্তের দাবিতে গতকাল সোমবার দুপুরে শিক্ষার্থীরা ভাঙচুর করেছে। এ সময় পুলিশ গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

শিক্ষার্থীরা জানায়, কিছুদিন আগে কলেজ কর্তৃপক্ষ ইংরেজির শিক্ষক ফারুকুল ইসলাম ও গণিতের শিক্ষক নিয়াজুল ইসলামকে কোনো কারণ ছাড়া বদলি করে। তাদের দাবি, এ দুই শিক্ষক দক্ষ ছিলেন। ভারপ্রাপ্ত অধ্যক্ষের কোনো অনৈতিক কাজে এ দুই শিক্ষক সমর্থন দিতেন না। এ কারণে তাঁদের ছাত্রী শাখা থেকে অন্য শাখায় বদলি করা হয়। শিক্ষার্থীরা এ ঘটনার জন্য কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ আব্দুল গাফফারকে দায়ী করে।

অধ্যক্ষ পদে চলতি দায়িত্বে থাকা অধ্যাপক মকবুল হোসেন ঘটনা স্বীকার করে জানান, ওই শিক্ষকদের ফিরিয়ে আনার দাবিতে বিক্ষোভ প্রদর্শন এবং একপর্যায়ে শিক্ষার্থীরা ক্যাম্পাসে ভাঙচুরের চেষ্টা করে। বিষয়টি তাত্ক্ষণিক পুলিশ ও কলেজ পরিচালনা পর্ষদকে জানানো হয়। তিনি বলেন, ‘পরিস্থিতি সমাধানের জন্য সব পক্ষকে নিয়ে দ্রুত বৈঠক করা হবে। শিগগিরই সমাধান করা হবে।’

এদিকে খবর পেয়ে চাঁদপুরের পুলিশ সুপার (এসপি) শামসুন্নাহার ঘটনাস্থলে যান। তিনি বিক্ষুব্ধ ছাত্রীদের শান্ত করেন। পরে কলেজ কর্তৃপক্ষের সঙ্গে কথা বলে শিক্ষার্থীদের নিরাপদে বাইরে পাঠিয়ে দিতে সহায়তা করেন। এসপি বলেন, ‘পরিস্থিতি শান্ত রাখতে পুলিশ সব ধরনের ব্যবস্থা নিয়েছে।’

[Print](#)

সম্পাদক : ইমদাতুল হক মিলন,

নির্বাহী সম্পাদক : মোস্তফা কামাল,

ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড্ডা, ঢাকা-১২২৯ থেকে মুদ্রিত।

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯। পিএবিএক্স : ০২৮৪০২৩৭২-৭৫, ফ্যাক্স : ৮৪০২৩৬৮-৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, ৮৪০২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২, ৮৪০২০৪৭। E-mail : info@kalerkantho.com